বাগেরহাটে শারদীয় দূর্গাপূজা উপলক্ষে মন্দিরে অনুদান প্রদান

বাগেরহাটে সনাতন ধর্মালম্ভিদের প্রধান ধর্মীয় উৎসব শারদীয় দূর্গাপূজা উপলক্ষে মন্দিরে আর্থিক অনুদান প্রধান করা হয়েছে। বাগেরহাট-২ আসনের সংসদ সদস্য শেখ তন্ময় ও সদর উপজেলা পরিষদের পক্ষ থেকে সোমবার দুপুরে বাগেরহাট জেলা পরিষদ মিলনায়তনে মন্দির কমিটির নেতৃবৃন্দের হাতে এই অনুদানের অর্থ বিতরণ করা হয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অনুদানের অর্থ বিতরণ করেন জেলা আওয়ামী লীগের সভাপতি ও বাগেরহাট-৪ আসনের সংসদ সদস্য আলহাজ¦ ডা: মো: মোজাম্মেল হোসেন এমপি ।

এসময় অন্যানের মধ্যে বক্তব্য দেন, জেলা আওয়ামী লীগের সাধারন সম্পাদক ও জেলা পরিষদের চেয়ারম্যান শেখ কামরুজ্জামান টুকু, দপ্তর সম্পাদক অম্বরিষ রায়, আওয়ামী লীগ নেতা মো: ফিরোজুল ইসলাম, সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান সরদার নাসির উদ্দিন, পূজা উৎযাপন পরিষদ নেতা শীবপ্রশাদ ঘোষ, অমিত রায়, অবনীষ চক্রবর্তী সোনা, পৌর আওয়ামী লীগের সভাপতি শেখ বশিরুল ইসলাম, সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি শেখ আক্তারুজ্জামান বাচ্চু, সাধারন সম্পাদক আঃ মতিন প্রমূখ।
বক্তারা বলেন, বর্তমান সরকারের সময় এদেশে সব ধর্মের মানুষ সমান অধিকার ভোগ করছে। নির্বিঘ্নে মানুষ যে যার ধর্ম পালন করছে। বাগেরহাট সদর উপজেলার ১১৪টি মন্দিরে এই অনুদান প্রদান করা হয় ।